

প্রেসিডেন্সি কলেজ
বাংলা (সাম্মানিক) প্রবেশিকা পরীক্ষা
২০০৯

পূর্ণ মান -- ১০০

সময় -- ২ ঘণ্টা

(উত্তর যথাযথ ও সংক্ষিপ্ত হওয়া বাঞ্ছনীয়। সাহিত্যবোধ, প্রকাশক্ষমতা, বানান-শুদ্ধি, হাতের লেখার পরিচ্ছন্নতা প্রভৃতি দিক বিশেষভাবে দেখা হবে।)

- ১। যে কোন একটি বিষয়ে রচনা লেখ (শব্দ সংখ্যা অনধিক ৪০০): ২৫
- ক) রূপকথা --শিশুর খোলা জানালা
খ) জন-অরণ্যে আমি একা
গ) হে মহাজীবন, আর এ কাব্য নয়
ঘ) পুরনো যুগের সাহিত্য কেন পড়ব
ঙ) চিঠি আসেনা, আর আসবে না
- ২। যে কোন একটি প্রশ্নের উত্তর দাও -- ১৫
- ক) ভাব সম্প্রসারণ করো (শব্দ সংখ্যা অনধিক ১৫০):
- জীবন যদিও উৎক্ষিপ্ত
তবু তো হৃদয় উদ্দীপ্ত,
বোধ হয় আগামী কোনো বন্যায়,
ভেসে যাবে অনশন অন্যায়।
- খ) ভাবার্থ লেখ (শব্দ সংখ্যা অনধিক ৪০):
- তুমি তো গড়েছ শুধু এ মাটির ধরণী তোমার
মিলাইয়া আলোকে আঁধার।
শূন্য হাতে সেথা মোরে রেখে
হাসিছ আপনি সেই শূন্যের আড়ালে গুপ্ত থেকে।
দিয়েছ আমার 'পরে ভার
তোমার স্বর্গটি রচিবার।
আর সকলেরে তুমি দাও,
শুধু মোর কাছে তুমি চাও।
আমি যাহা দিতে পারি আপনার প্রেমে,
সিংহাসন হতে নেমে
হাসিমুখে বক্ষে তুলে নাও।
মোর হাতে যাহা দাও
তোমার আপন হাতে তার বেশি ফিরে তুমি পাও।
- ৩। সংক্ষেপে যে কোন পাঁচটি গ্রন্থের পরিচয় দাও : ৫ × ৩ = ১৫
- লোরচন্দ্রানী, তিলোত্তমাসম্ভব কাব্য, ডাকঘর, ইছামতী, চিড়িয়াখানা, ব্রাত্যজনের রুদ্ধসংগীত, গুপীর গুপ্তখাতা,
লৌহ কপাট, ঠাকুরমার ঝুলি, প্রথম প্রতিশ্রুতি।

- 8। ক) বাংলা পরিভাষা লেখ-- Aesthetics , Synonym, Ballad ৩
- খ) কায়মনোবাক্যে, বিনি সুতোর মালা, মুঘলখারে -- এখানে কায়, বিনি, মুঘল শব্দের অর্থ কী ? ৩
- গ) সুমেরু, নগ, অটবী, নকুল, মৈনাক -- শব্দগুলি থেকে 'পর্বত' শব্দের প্রতিশব্দটি বের করো । ১
- ঘ) নির্দেশ অনুযায়ী পরিবর্তন করো -- ৪
- এবার মায়-ঝিয়ে করবো ঝগড়া, জামাই ব'লে মানবো না (সাধু গদ্যরীতিতে),
তব নতনেত্রকিরণসম্পাতে চিত্ত বিগলিত মোর সূর্যকরখাতে শৈলতুষারের মতো (চলিত গদ্যরীতিতে),
দুই পোলারে ডাইক্যা তিনি তার বিষয়-সোম্পত্তি তাগো মৈন্দে বাইটা দিলান্ (মান্য চলিত বাংলায়),
যে দেখিল, সেই বলিল, 'শাবাশ'(সরল বাক্যে) ।
- ঙ) মাইরি, হাত, নয়ন --বাংলা শব্দভান্ডারে এরা কোন্ শ্রেণির উপাদান ? ৩
- চ) কী জাতীয় ধ্বনি পরিবর্তন ঘটেছে ?-- শক্তি > শকতি, মাছুয়া > মাউচ্ছা । ২
- ছ) সন্ধি বিচ্ছেদ করো -- নাতিশীতোষ্ণ, বিদ্বদ্বল্লভ ২
- জ) অশুদ্ধি সংশোধন করো -- এতদদারা , আকাঙ্ক্ষা ,স্বাক্ষরতা ৩
- ঝ) ছন্নছাড়া, উদ্বেল -- শব্দগুলিতে অর্থের কীরূপ পরিবর্তন ঘটেছে ,দেখাও । ২
- ঞ) মূল পর্বের মাত্রাসংখ্যা নির্দেশ করে ছন্দরীতির নাম লেখ --
- a) বর্তমানের কবি আমি ভাই, ভবিষ্যতের নই 'নবী' । ১
- b) ভাবি আমার মুখ দেখাব / মুখ ঢেকে যায় বিজ্ঞাপনে । ১
- ৫। এক কথায় উত্তর দাও (প্রতিটি প্রশ্নের মান ১ । বানানে ভুল থাকলে নম্বর দেওয়া হবে না) -- ২০
- ক) ১৪০২ শকাব্দ = কত খ্রিস্টাব্দ ?
- খ) ১৮০০ খ্রিস্টাব্দ বাংলা সাহিত্যে কেন উল্লেখযোগ্য ?
- গ) বাংলাদেশে তুর্কি আক্রমণের সেনাধিনায়ক কে ছিলেন ?
- ঘ) আলাওল 'পদুমাবৎ' কাব্যের অনুসরণে 'পদ্মাবতী' কাব্য লেখেন । 'পদুমাবৎ' কাব্যের কবি কে ?
- ঙ) বৃন্দাবন দাসের 'চৈতন্য ভাগবত' গ্রন্থের পূর্ব নাম কী ছিল ?
- চ) ভারতচন্দ্র তাঁর কাব্যভাষাকে 'যাবনী মিশাল' করতে চেয়েছেন । 'যাবনী মিশাল' কী ?
- ছ) কলকাতায় 'ন্যাশনাল থিয়েটার' প্রতিষ্ঠার কাল --
- ১৭৯৫খ্রি , ১৮৫২খ্রি , ১৮৭২খ্রি , ১৯০৫খ্রি , এদের মধ্যে কোনটাই নয় ।
- জ) কোন্ আবিষ্কারের কারণে বসন্তরঞ্জন রায় বিদ্বদ্বল্লভ বাংলা সাহিত্যে বিখ্যাত হয়ে আছেন ?
- ঝ) লালিমা পাল (পুং) চরিত্রের স্রষ্টা কে ?
- ঞ) 'অব্যক্ত', 'বিশুপরিচয়', 'অরণ্যের অধিকার' --এদের মধ্যে জগদীশচন্দ্র বসুর রচিত গ্রন্থ কোনটি ?
- ট) জোড় মেলাও : বিজন ভট্টাচার্য, রবীন্দ্রনাথ ঠাকুর, কাজী নজরুল ইসলাম, উৎপল দত্ত ।
- ঠ) বিসদৃশ নামটিকে পৃথক করো : পথে প্রবাসে, আরণ্যক, বলাকা, শুকতারা, ঝরা পালক , জীবনস্মৃতি ।
- ড) 'সত্যসুন্দর দাশ' এক কবির ছদ্মনাম । তাঁর রচিত একটি কাব্য গ্রন্থের নাম লেখ ।
- ঢ) 'জলটা গন্ধাচ্ছে', 'রামের অস'(আমের রস), 'ফরিদ গ্যাসে গিয়া'--কোন নমুনাটি বরেন্দ্রী উপভাষার নিদর্শন ?
- ণ) কে রবীন্দ্রনাথকে ব্যঙ্গ করে 'আনন্দ বিদায়' প্রহসন লেখেন ?
- ত) যশোহরের রাজ-পরিবারকে অবলম্বন করে রবীন্দ্রনাথের লেখা উপন্যাসটির নাম কী ?
- থ) 'সংবাদ প্রভাকর' কার প্রত্যয় ঔজ্জ্বল্য পেত ?
- দ) বারুণী পুষ্করিণীর কথা কোন্ উপন্যাসে পাওয়া যায় ?
- ধ) কোন্ গ্রন্থের জন্য প্রখ্যাত ঐতিহাসিক রণজিৎ গুহ সম্প্রতি 'আনন্দ পুরস্কার'-এ সম্মানিত হয়েছেন ?
- ন) সাল-মাস সহ আজকের বাংলা তারিখটি উল্লেখ করো ।